মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ডুয়ামের শুভেচ্ছা

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়াম) মেহেরপুরের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপাচার্যের কার্যালয়ে ডুয়ামের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ‘ঢাবিয়ান’ এর সভাপতি ইসমাইল হোসেনের নেতৃত্বে প্রতিনিধিদলটি উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক ও মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, সহ-সভাপতি নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাসনাইন খুরশিদ, সাংস্কৃতিক সম্পাদক আনোয়ারুল ইসলাম, নির্বাহী সদস্য জুলফিকার আলী, সদস্য ছারছেদ আহমেদসহ অন্যান্য সদস্যরা।

সাক্ষাৎকালে মেহেরপুর জেলায় কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠনের কার্যক্রম নিয়ে মতবিনিময় করা হয়। এ সময় উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন সংগঠনকে আরও কার্যকর করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সাবেক শিক্ষার্থীকে সংগঠনের সঙ্গে সম্পৃক্ত করা এবং বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান।

উল্লেখ্য, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেনও ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক শিক্ষার্থী।

কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলির আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলি (২৫)। গতকাল রবিবার পুলিশ তাঁর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহের মর্গে পাঠিয়েছেন।

জানা যায়, গত শনিবার রাতে অনন্য ঢাকা থেকে বাড়িতে আসে। রাতে খাবার খেয়ে সে তাঁর শোবার ঘরে চলে যায়। সকাল ৮টার দিকে তাঁর মা নাস্তা বানিয়ে খাবার জন্য ডাকছিলো। এসময় তাঁর কোনো সাড়া না পেয়ে পাশের জানালা দিয়ে উকি দিয়ে দেখতে পান ঝুলন্ত মৃতদেহ। খবর পেয়ে পুলিশ স্বজনদের সহায়তায় মৃতদেহ উদ্ধার করেন।

অনন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী ছিলেন। তাঁর মা রাধা রানী বর্তমানে কোটচাঁদপুর বালিকা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বে আছেন। আর পিতা প্রদ্যুৎ কুমার গাঙ্গুলি ছিলেন কোটচাঁদপুর মহিলা কলেজের ইংরেজি বিভাগের সাবেক প্রভাষক।

কোটচাঁদপুর বাজার পাড়ার হাইস্কুল সড়কের সাবেক প্রভাষক প্রদ্যুৎ কুমার গাঙ্গুলির ছেলে।

কোটচাঁদপুর থানার (ওসি তদন্ত) এনায়েত আলী খন্দকার বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এরপর তাঁর স্বজনদের সহায়তায় শিক্ষার্থীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়। পরে মৃতদেহ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে।

তিনি বলেন, মৃত্যুর কারণ সম্পর্কে তেমন কিছু জানা যায়নি। লাশ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। তদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে জানানো সম্ভব হবে।

৪৪তম বিসিএসে মেহেরপুর থেকে ৫ জন সুপারিশপ্রাপ্ত

৪৪তম বিসিএস পরীক্ষায় মেহেরপুর জেলা থেকে এবার ৫ জন মেধাবী প্রার্থী বিভিন্ন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন।
তাঁদের মধ্যে মেহেরপুর সদর উপজেলার একজন এবং গাংনী উপজেলার চারজন রয়েছেন।

সুপারিশপ্রাপ্তরা হলেন প্রশাসন ক্যাডারে গাংনী পৌর এলাকার আমানুল আশরাফ আশিস (বুয়েট)। পুলিশ ক্যাডারে গাংনীর রামনগর গ্রামের রাকিবুল ইসলাম রবিন (রাজশাহী বিশ্ববিদ্যালয়)। শিক্ষা ক্যাডারে (সমাজবিজ্ঞান) গাংনীর মজিবুল ইসলাম (ঢাকা বিশ্ববিদ্যালয়)।
শিক্ষা ক্যাডারে (বাংলা) মেহেরপুর সদর উপজেলার মো: তারিক আজিজ (ঢাকা বিশ্ববিদ্যালয়)। কারিগরি শিক্ষা ক্যাডারে (ইলেকট্রিক্যাল) গাংনীর আব্দুল্লাহ আল তাহসীন দীপ্ত (রুয়েট)।

এই কৃতীদের প্রতি মেহেরপুর জেলার পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে। তাঁদের এই অর্জনে পরিবার, শিক্ষক এবং জেলার শিক্ষাঙ্গনে আনন্দের আমেজ ছড়িয়ে পড়েছে।

কুষ্টিয়ায় নদীতে ডুবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী নিখোঁজ

কুষ্টিয়ার কুমারখালিতে গড়াই নদীতে গোসল করতে নেমে তানভীর (২৩) নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী নিখোঁজ হয়েছেন।

আজ সোমবার বিকেলের দিকে কুমারখালী উপজেলার গড়াই রেলসেতু এলাকায় এ ঘটনা ঘটে। এ সময় তানভীরের দুই বন্ধুও নদীতো নেমেছিলেন, তবে

তাঁরা সাঁতরে নদীর তীরে উঠতে পেরেছেন।

নিখোঁজ তানভীর বরগুনার বাসিন্দা, সে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

ফায়ার সার্ভিস ও কুমারখালী থানা–পুলিশ সূত্র জানায়, সোমবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফার্মেসি বিভাগের ১৩ জন ছাত্র একটি মাইক্রোবাসে করে মেহেরপুর ও কুষ্টিয়ার বিভিন্ন পর্যটন এলাকায় ঘুরতে আসেন। তাঁরা প্রথমে মেহেরপুরের মুজিবনগরে যান। সেখান থেকে যান কুষ্টিয়ায় ফকির লালন শাহের আখড়াবাড়িতে।

এরপর বিকেলে কুমারখালী লাহিনীপাড়া এলাকায় গড়াই নদীর রেলসেতুর নিচে নামেন ওই তিন বন্ধু। তাঁরা সাঁতরে গড়াই নদী পার হওয়ার চেষ্টা করেন। এ সময় দুই বন্ধু তীরে উঠতে পারলেও তানভীর পানির স্রোতে তলিয়ে যান।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহসীন হোসাইন জানান, ১৩ শিক্ষার্থীর একদল কুষ্টিয়া ঘুরতে এসে তিনজন নদীতে নামে। এরমধ্যে একজন নিখোঁজ হয়েছেন। তাঁকে উদ্ধারের চেষ্টা চলছে। সন্ধ্যা সাতটা পর্যন্ত তাঁর খোঁজ পাওয়া যায়নি।
খবর পেয়ে কুমারখালী ফায়ার সার্ভিসের কর্মীরা গিয়ে উদ্ধার অভিযান শুরু করেন।

মেহেরপুরস্থ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের মিলন মেলা

স্মৃতির টানে এসো মিলি প্রাণের বন্ধনে এই স্লোগানে মেহেরপুরস্থ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের মিলন মেলা ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমির মিলনাতনে ঢাকা

বিশ্ববিদ্যালয় পরিবার মেহেরপুরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন এমপি এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক সচিব মোহাম্মদ আলকামা সিদ্দিকী, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, জেলা প্রশাসক ড. মনসুর আলম খান, কেন্দ্রীয় আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য এম এ এস ইমন, জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, বাংলাদেশ কৃষি ব্যাংকের মহাব্যবস্থাপক খালেদুজ্জামান জুয়েল, জেলা পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা কেন্দ্রের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন প্রমুখ।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসম্পাদক হলেন গাংনীর মেয়ে তন্দ্রা

মেহেরপুরের গাংনীর মেয়ে মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় নির্বাহী সংসদের সহসম্পাদক হিসেবে মনোনীত করেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পৌর সভার সাবেক মেয়র যুবলীগ নেতা আশরাফুল ইসলামের গাংনী উপজেলা মহিলা যুবলীগের সভাপতি, মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত নারী সদস্য (গাংনী)

শাহানা ইসলাম শান্তনার বড় মেয়ে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে সমুন্নত রেখে সোনার বাংলা বির্নিমাণে বঙ্গবন্ধু তনয়া শেখ হাসিনার নেতৃত্বে আধুনিক—উন্নত—ডিজিটাল ও অসম্প্রদায়িক বাংলাদেশের অগ্রযাত্রা অবিরত রাখতে আপনার কর্মনিষ্ঠা বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালকে আরও সমৃদ্ধ করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক পদে এই প্রথম মেহেরপুর জেলার কোনো ছাত্রী নির্বাচিত হলেন।

জানা গেছে, মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে গোল্ডেন এবং ঢাকা মাইলস্টোন কলেজ থেকে ইন্টারমিডিয়েট পরীক্ষায় গোল্ডেন জিপিএ—৫ পেয়ে তার লেখাপড়া স্বাক্ষর রাখেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা রাজশাহী বিশ্ববিদ্যায়ে ইংরেজি বিভাগে ভর্তি পরীক্ষায় ৩ হাজার পরীক্ষার্থীদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১৪ তম স্থান দখল করেন। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৮০তম এবং ইংরেজি বিভাগে ২৮তম স্থান দখল করেন।

অজপাড়া গাঁয়ে জন্মেও আন্তর্জাতিক বিজ্ঞানী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাস্যিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের সাবেক ডিন, প্রফেসর ড. মো: আব্দুর রশিদ। গাংনীর অজপাড়াগাঁ সাহারবাটি গ্রামে জন্ম। অথচ,এখন তিনি বিশ্বের বিজ্ঞানীদের শীর্ষ তালিকায় মর্যাদাপূর্ণ স্থানে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উভয় ক্যাটাগরিতেই শীর্ষ বিজ্ঞানীদের তালিকায় প্রথম স্থান অধিকার করেন। এছাড়া এশিয়া ও বৈশ্বিক ক্যাটাগরিতেও তিনি

চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করেছেন।

সংস্থাটি সারা বিশ্বের ২০৬টি দেশের ১৩,৫৩১টি বিশ্ববিদ্যালয়ের ৭ লক্ষেরও বেশি বিজ্ঞানীর সাইটেশন ও অন্যান্য ইনডেক্সের ভিত্তিতে গত ১০ অক্টোবর ২০২১ ইং বিশ্বব্যাপী এ তালিকাটি প্রকাশ করে।

এই তালিকায় সবচেয়ে মর্যাদার আসনটি প্রথম স্থানে ড. মো: আব্দুর রশিদের নাম ঘোষণা করেন সংস্থাটি।

প্রফেসর ড. মো: আব্দুর রশিদ মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের কৃষক আলী হোসেনের ছেলে।তিনি গ্রামের প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিকে পাশ করে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ ও ও মেহেরপুর সরকারী কলেজে পড়ালেখার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে সেখানেই চাকুরি করেন।

বর্তমানে এই কৃতিমান স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ফার্মাসি বিভাগের উপদেষ্টা।

তথ্য ও ছবি জুলফিকার আলী কানন